গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.৪৪.০০১.২২-১০৯

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩০ / ১৯ ফেব্রুয়ারি ২০২৪

**সভার নোটিশ**

'বেসরকারি খাতে মেডিকেল ট্রেনিং স্কুল (ম্যাটস) স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০২৪' এর খসড়ার উপর মতামত গ্রহণের লক্ষ্যে **আগামী ০৬-০৩-২০২৪ খ্রি. তারিখ বুধবার সকাল ১১.০০ টায়** সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভা কক্ষে (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: 'বেসরকারি খাতে মেডিকেল ট্রেনিং স্কুল (ম্যাটস) স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০২৪'

১৯/০২/২০২৪
(মো: আহ্সান উদ্দিন মুরাদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৫৫১০০৭৯১
ই-মেইল: murad.ahsan@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
৩। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
৪। উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা
৫। উপাচার্য, সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট
৬। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৭। অনুবিভাগ প্রধান (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৮। অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৯। রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, ঢাকা
১০। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
১১। যুগ্মসচিব (আইন অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। ডীন (মেডিসিন অনুষদ), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৩। পরিচালক (চিকিৎসা শিক্ষা/গবেষণা, প্রকাশনা ও কারিকুলাম উন্নয়ন/সেন্টার ফর মেডিকেল এডুকেশন/ডেন্টাল), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৪। সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী (৮৬, বিজয় নগর), ঢাকা
১৫। সভাপতি, সোসাইটি ফর আইএইচটি এন্ড ম্যাটস অব বাংলাদেশ, বাবর রোড, মোহাম্মদপুর, ঢাকা
১৬। সাধারণ সম্পাদক, সোসাইটি ফর আইএইচটি এন্ড ম্যাটস অব বাংলাদেশ, বাবর রোড, মোহাম্মদপুর, ঢাকা
১৭। চেয়ারম্যান, বেসরকারি ট্রমা মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল, মিরপুর, ঢাকা
১৮। চেয়ারম্যান, বেসরকারি সাইক ইনস্টিটিউট অব মেডিকেল এ্যাসিসটেন্ট, মিরপুর, ঢাকা
১৯। অধ্যক্ষ, মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল, টাঙ্গাইল/গাজীপুর

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উক্ত সভায় অংশগ্রহণকারী সদস্যদের প্রযোজ্য ক্ষেত্রে গাড়ীসহ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হলো)
০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
০৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (উক্ত সভায় ৪০ জন অতিথির মধ্যাহ্ন ভোজের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
০৫। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (খসড়া নীতিমালা মতামত সংগ্রহের লক্ষ্যে ওয়েবসাইটে প্রকাশ এবং সভার সদস্যগণের অনুকূলে ডিজিটাল পাস ইস্যুকরণসহ সভায় সার্বিক কারিগরি সহযোগিতার অনুরোধ করা হলো)
০৬। সভাকক্ষ সমন্বয়কারি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সভার শুরুর পূর্বে সভাকক্ষ প্রস্তুত রাখার অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নং- ......                                                    তারিখঃ........

**বিষয়ঃ বেসরকারি পর্যায়ে মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল স্থাপন ও পরিচালনা নীতিমালা ২০২৪।** (খসড়া)

**১। শিরোনামঃ**

এ নীতিমালা 'বেসরকারি পর্যায়ে মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল স্থাপন ও পরিচালনা নীতিমালা ২০২৪' নামে অভিহিত হবে।

**২। মুল উদ্দেশ্যঃ**

২.১। বেসরকারি পর্যায়ে মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) প্রতিষ্ঠা সংক্রান্ত নির্দেশনা প্রদান করা।

২.২। বেসরকারি পর্যায়ে মেডিকেল এ্যাসিসটেন্ট প্রশিক্ষণ প্রসারের সুযোগ, গুনগতমান ও সুষ্ঠু পরিচালনা ব্যবস্থা সম্প্রসারিত করা।

২.৩। দক্ষ মেডিকেল এ্যাসিসটেন্ট সরবরাহ বৃদ্ধি করে দেশের দারিদ্র ও গ্রামীণ অঞ্চলে প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করা এবং বেসরকারি স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠান সমূহের চাহিদা পূরণে সহায়তা করা।

২.৪। দক্ষ মেডিকেল এ্যাসিসটেন্ট তৈরী ও তাদের দেশে বিদেশে কর্মসংস্থানের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে সহায়তা প্রদান করা।

**৩। নীতিমালা প্রয়োগঃ**

৩.১। এ নীতিমালা বাংলাদেশের অভ্যন্তরে মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) কার্যক্রম চালু করতে আগ্রহী অথবা বর্তমানে কোর্স চলমান সে সব বেসরকারি প্রতিষ্ঠানের জন্য আবশ্যিকভাবে পালনীয় নির্দেশক হবে।

৩.২। ইতোমধ্যে স্থাপিত/অনুমোদন প্রাপ্ত সকল বেসরকারি ম্যাটস এ নীতিমালার আওতাভূক্ত বলে গণ্য হবে এবং ১(এক) বছরের মধ্যে নীতিমালার শর্তাবলী পালন করতে হবে ।

৩.৩। এ নীতিমালার যেকোন ধারা অথবা এর আংশিক লংঘন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) অনুমোদন বাতিলের কারণ হিসেবে গণ্য হবে।

৩.৪। বেসরকারি পর্যায়ে মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) পরিচালনার প্রশাসনিক অনুমোদন/অনাপত্তি/বাতিল করা সহ সকল ক্ষমতা বংলাদেশ সরকারের পক্ষে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সংরক্ষণ করবে।

**৪। প্রকল্প অনুমোদন, অনুমতি ও অধিভূক্তিঃ**

**৪(ক) প্রকল্প অনুমোদন ঃ**

০১। কোন বেসরকারি মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল প্রতিষ্ঠান এমন নামে স্থাপন করা যাবে না যে নামে একটি বিদ্যমান সরকারি বা বেসরকারি ম্যাটস অথবা অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠান ইতিপূর্বে স্থাপিত হয়ে উক্ত নামেই বহাল আছে অথবা যে নামের সাথে প্রস্তাবিত নামের সাদৃশ্য আছে।

০২। কোন উদ্যোক্তা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদন পাওয়ার পূর্বে বেসরকারি ম্যাটস প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম শুরু করতে পারবে না।

০৩। আবেদনকারী একক ব্যক্তি হলে তার এবং একাধিক ব্যক্তি হলে তাদের ছবিসহ জাতীয় পরিচয়পত্র ও TIN এর সত্যায়িত অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। উদ্যোক্তাগণ নির্ধারিত প্রকল্প ছকে **(সংযুক্তি-১)** বেসরকারি খাতে ম্যাটস স্থাপনের জন্য স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে আবেদন করবে। আবেদন পত্রের সাথে ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার)টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডারের (অফেরত যোগ্য) পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এর অনুকূলে এই কাজের জন্য পরিচালিত হিসাবে জমা দিতে হবে। নবায়ন/আসন বৃদ্ধি বা অন্য কোন পরিদর্শন সংশ্লিষ্ট আবেদন করার সময় প্রত্যেকবার ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা একই পদ্ধতিতে জমা দিতে হবে। এই টাকা আবেদনকৃত প্রতিষ্ঠানের পরিদর্শনের কাজে ব্যয় করা যাবে। নিম্নলিখিত পরিদর্শন কমিটি প্রকল্পটি পরীক্ষা ও পরিদর্শন করে যথাযথভাবে মন্তব্য সহকারে সিদ্ধান্ত গ্রহণের জন্য একটি প্রতিবেদন ৩০ দিনের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নিকট সন্তোষজনক এবং দেশের সার্বিক চাহিদার প্রেক্ষাপটে প্রতিষ্ঠানটি স্থাপন প্রয়োজনীয় বিবেচিত হলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ প্রকল্প অনুমোদন ও প্রতিষ্ঠানটি স্থাপনের অনুমতি প্রদান করবে। অনুমতি প্রাপ্তির এক বছরের মধ্যে প্রতিষ্ঠান স্থাপন করতে ব্যর্থ হলে অনুমতি বাতিল বলে গণ্য হবে।

সরকারি অনুমোদন প্রাপ্তির পর অনুমোদন ফি হিসাবে সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা এককালীন জমা দিতে হবে। অনুমোদন ফি জমা দেয়ার পর স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ছাড়পত্র গ্রহণ করতঃ শিক্ষা কার্যক্রম চালু করতে হবে। প্রতি ২(দুই) বছর অন্তর সরকারি অনুমোদন নবায়নের জন্য নবায়নের মেয়াদ শেষ হওয়ার ৬ মাস পূর্বে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের কপি সহ আবেদন করতে হবে এবং নবায়ন পূর্বক শিক্ষার্থী ভর্তি করতে হবে।

**'বেসরকারি খাতে প্রস্তাবিত মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল পরিদর্শন কমিটি'**

| | | |
|---|---|---|
| ক। পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর | - | সভাপতি। |
| খ। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রতিনিধি (উপসচিব বা সিনিয়র সহকারি পদমর্যাদার) | - | সদস্য। |
| গ। অধ্যক্ষ, মেডিকেল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল, সংশ্লিষ্ট জেলা (যদি থাকে) | - | সদস্য। |
| ঘ। সংশ্লিষ্ট সহকারি পরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর | - | সদস্য। |
| ঙ। সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ | - | সদস্য-সচিব। |

**৪(খ) অধিভূক্তি (এফিলিয়েশন)ঃ**

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমতিসহ প্রতিষ্ঠানটি স্থাপন ও শিক্ষা কার্যক্রম আরম্ভ করার পর ০৬ (ছয়) মাসের মধ্যে বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদে অধিভূক্ত হওয়ার জন্য অনুষদের বিধি মোতাবেক আবেদন করতে হবে। অনুষদ যথাযথ আনুষ্ঠানিকতা সহকারে প্রতিষ্ঠান পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রস্তুত করবে এবং নীতিমালার আলোকে সন্তোষজনক বিবেচিত হলে নির্দিষ্ট মেয়াদের জন্য ২(দুই) বৎসরের অধিক নয় অধিভূক্তির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে। মেয়াদ শেষে অনুষদের বিধি মোতাবেক অধিভুক্তি নবায়নের জন্য আবেদন করতে হবে এবং নবায়ন পূর্বক শিক্ষার্থী ভর্তি করতে হবে।

**৪(গ) বিএমএন্ডডিসি স্বীকৃতিঃ**

অনুমোদিত ম্যাটস প্রতিষ্ঠান শিক্ষা কার্যক্রম শুরুর ০৬ (ছয়) মাসের মধ্যে বিএমএন্ডডিসিতে রেজিষ্ট্রেশন ভুক্ত হতে হবে।

**৫। কোর্স, পাঠ্যক্রম ও পরীক্ষা অনুষ্ঠানঃ**

**(ক) কোর্স সমূহঃ** অনুমোদন প্রাপ্ত প্রতিষ্ঠান মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং কোর্স পরিচালনা করতে পারবে।

**(খ) পাঠ্যক্রমঃ** বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ অনুমোদিত পাঠ্যক্রম অনুযায়ী কোর্সে পাঠদান ও পরীক্ষা পদ্ধতি অনুসরণ করতে হবে। পাঠদান বিষয়সমূহের সঙ্গে সংগতি রেখে তাত্ত্বিক শিক্ষার জন্য বিষয়ভিত্তিক শিক্ষার্থী ও শিক্ষক অনুপাত হবে ২০:১ এবং ব্যবহারিক শিক্ষার জন্য ১০:১।

**(গ) পরীক্ষা অনুষ্ঠানঃ** কোর্স কারিকুলাম, পরীক্ষা পদ্ধতি ও পরীক্ষা সময়সূচী অনুযায়ী সকল পরীক্ষা বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ কর্তৃক নিয়ন্ত্রিত ও পরিচালিত হবে এবং উত্তীর্ণ শিক্ষার্থীদের অনুষদ সনদপত্র প্রদান করবে। বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ কর্তৃক অনুমোদিত কেন্দ্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা কেন্দ্র স্থাপনের জন্য অনুষদে আবেদন করতে হবে।

**৬। শিক্ষার্থী ভর্তি, নিবন্ধিকরণ, আসন সংখ্যা, বেতন ও ফি সমূহঃ**

**(ক) শিক্ষার্থী ভর্তিঃ** ভর্তি ইচ্ছুক প্রার্থীদেরকে যে কোন শিক্ষা বোর্ড অথবা সরকার কর্তৃক যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম পক্ষে এস,এস,সি বিজ্ঞান/সমমান পরীক্ষায় (পদার্থ, রসায়ন/জীববিদ্যাসহ) সকল বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং সরকার কর্তৃক নির্ধারিত ভর্তির নীতিমালা অনুসরণ করতে হবে। কোন বিদেশী শিক্ষার্থী ভর্তি করতে হলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

**(খ) শিক্ষার্থী নিবন্ধিকরণঃ** প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীদের নামের তালিকা বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ নির্ধারিত তারিখের মধ্যে অনুষদে প্রেরণ করতে হবে এবং অনুষদের নিয়ম অনুসারে নিবন্ধিকৃত হওয়ার জন্য আবেদন করতে হবে।

**(গ) আসন সংখ্যাঃ** অনুমোদিত আসন সংখ্যার বেশি শিক্ষার্থী ভর্তি করা যাবে না। বিদ্যমান অবকাঠামো, শিক্ষা উপকরণ ও একাডেমিক জনবলের ভিত্তিতে প্রাথমিকভাবে ৫০ (পঞ্চাশ) আসনের অনুমোদন প্রদান করা যাবে। আসন সংখ্যা বৃদ্ধির জন্য আনুপাতিক হারে অন্যান্য অবকাঠামো সম্প্রসারণ, প্রয়োজনীয় শিক্ষা উপকরণ বৃদ্ধি ও আনুপাতিক হারে শিক্ষক নিয়োগদান সম্পন্ন করে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে আবেদন করতে হবে এবং বিধি মোতাবেক পরিদর্শন সাপেক্ষে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক অনুমোদনের পর বর্ধিত আসনে শিক্ষার্থী ভর্তি করা যাবে।

**(ঘ) বেতন ও ফি সমূহঃ** সরকার নির্ধারিত বেতন ও ফি এর অতিরিক্ত অর্থ শিক্ষার্থীদের নিকট হতে আদায় করা যাবে না। প্রতিষ্ঠানের মোট আসনের শতকরা ৫(পাঁচ) জন মেধাবী ও অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

৭। **প্রকল্প বাস্তবায়ন তহবিল ও সংরক্ষিত তহবিলঃ**

**ক) প্রকল্প বাস্তবায়ন তহবিলঃ** ম্যাটস প্রতিষ্ঠান প্রকল্প বাস্তবায়ন সহ প্রতিষ্ঠানটি পূর্নাঙ্গভাবে স্থাপন এবং অব্যাহত উন্নয়নের জন্য পর্যাপ্ত তহবিল থাকতে হবে। প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্টে কমপক্ষে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার চলমান স্থিতি থাকতে হবে।

**(খ) সংরক্ষিত তহবিলঃ** যে কোন তফসিলি ব্যাংকে প্রতিষ্ঠানের অনুকূলে এফডিআর হিসাবে ৩০,০০,০০০/-(ত্রিশ লক্ষ) টাকা অথবা ব্যক্তির নামে প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার একটি সংরক্ষিত তহবিল থাকবে যা বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদের গভর্ণিং বডির অনুমতি ছাড়া উত্তোলন ও ব্যয় করা যাবে না মর্মে সংশ্লিষ্ট ব্যাংক থেকে একটি প্রত্যয়নপত্র (লিয়েন মার্ক করে) অনুষদে দাখিল করতে হবে। তবে সংরক্ষিত তহবিলের মেয়াদি আমানতের উপর অর্জিত সুদ প্রতিষ্ঠানের প্রয়োজনে উত্তোলন ও ব্যয় করা যাবে। স্থায়ী আমানতের বিপরীতে কোন ঋণ নেয়া যাবে না। সংরক্ষিত তহবিলের দলিলপত্র স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ কর্তৃক চাওয়া মাত্র প্রদর্শন করতে বাধ্য থাকবে। কখনও যদি কোন প্রতিষ্ঠানের অনুমতি/অধিভুক্তি প্রত্যাহার করা হয় অথবা যদি প্রতিষ্ঠানটির অবসান ঘটে, তাহলে এই অর্থ অনুষদের সিদ্ধান্ত সাপেক্ষে প্রতিষ্ঠান ব্যবহার করতে পারবে।

৮। **ব্যবস্থাপনা কমিটিঃ** প্রতিষ্ঠান পরিচালনার জন্য উদ্দ্যোক্তাদের মধ্যে চেয়ারম্যান নিযুক্ত হবে। গঠনতন্ত্র/মেমোরেন্ডাম অব এসোসিয়েশন মোতাবেক ৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে **(সংযুক্তি-২)**। কমিটিতে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর ও বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ হতে একজন করে মনোনীত সদস্য, সংশ্লিষ্ট ম্যাটস এর অধ্যক্ষ সদস্য সচিব এবং উদ্যোক্তাদের মধ্যে হতে ০৩(তিন) সদস্যের সমন্বয়ে সাত সদস্য বিশিষ্ট কমিটি হবে। কমিটি ২(দুই) বছর মেয়াদের জন্য গঠিত হবে। প্রথম সভা অনুষ্ঠানের দিন হতে কমিটি মেয়াদ গণনা করা হবে। কমিটি গঠনের পর ৩০ দিনের মধ্যে নতুন কমিটির প্রথম সভা অনুষ্ঠান করতে ব্যর্থ হলে প্রতিষ্ঠানের অধ্যক্ষ, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে অনুমোদনে এডহক কমিটি গঠন করবে। গঠিত এডহক কমিটি ৬ মাসের মধ্যে নতুনভাবে নিয়মিত কমিটি গঠন পূর্বক অনুমোদনার্থে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে। নূন্যতম ৩ মাস অন্তর ব্যবস্থাপনা কমিটির সভা আহবান করে সভার কার্যবিবরণী স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে এবং অনুষদে প্রেরণ করতে হবে।

৯। **যৌন হয়রানি ও নিপীড়ন নিরোধ কমিটিঃ** সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত এতদসংক্রান্ত পরিপত্র, অফিস স্মারক, প্রজ্ঞাপন ইত্যাদি অনুযায়ী উক্ত কমিটি গঠিত হবে এবং সরকারের নির্দেশনা অনুযায়ী পরিচালিত হবে।

১০। **বুলিং ও র‍্যাগিং প্রতিরোধে কমিটি গঠনঃ** শিক্ষা প্রতিষ্ঠানে বুলিং (Bulling) ও র‍্যাগিং(Ragging) এর মতো সামাজিক অপরাধসমূহ প্রতিরোধ, প্রতিকার এবং অবসানের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের ০২/০৫/২০২৩খ্রি. তারিখে প্রকাশিত 'শিক্ষা প্রতিষ্ঠানের বুলিং ও র‍্যাগিং সংক্রান্ত নীতিমালা ২০২৩' অনুসরণে কমিটি গঠন করতে হবে।

১১। **জমি, ভৌত অবকাঠামো, জনবল কাঠামো, ক্লিনিকেল প্র্যাকটিস, যন্ত্রপাতি ও শিক্ষা উপকরণঃ**

**(ক) জমিঃ** প্রতিষ্ঠানের নিজস্ব জমিতে শিক্ষার উপযোগী পরিবেশে প্রতিষ্ঠান স্থাপন করতে হবে। প্রয়োজনীয় ভৌত অবকাঠামো ও ভবনাদি নির্মাণ এবং আদর্শ ক্যাম্পাস প্রতিষ্ঠার জন্য সিটি কর্পোরেশন এলাকার জন্য ১৫ কাঠা জমি এবং সিটি কর্পোরেশন এর বাহিরের এলাকায় ৩০ কাঠা জমি থাকতে হবে। আবেদনের সাথে দলিলের কপি, নির্দিষ্ট জমিতে সাইট প্ল্যান, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত স্থাপত্য নক্সার কপি, মৌজা, খতিয়ান, দাগ নম্বর এবং জমির পরিমাণ সংযুক্ত করতে হবে। প্রস্তাবিত জমির মালিকানার সমর্থনে নামজারি/খতিয়ান এর কপি এবং হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদ/প্রমাণক সংযুক্ত করে দাখিল করতে হবে। প্রতিষ্ঠানটি ভাড়াকৃত হলে অনুমোদনের জন্য ভাড়ার চুক্তিপত্রের কপি সংযুক্ত করতে হবে। অনুমোদন প্রাপ্তির ৫ (পাঁচ) বছরের মধ্যে নিজস্ব জমিতে নিজস্ব ভবনে প্রতিষ্ঠান স্থানান্তর করতে হবে।

**(খ) ভৌত অবকাঠামো ও ভবনাদিঃ** ৫০ জন শিক্ষার্থীর আসন বিশিষ্ট ম্যাটস প্রতিষ্ঠান চালু করার ক্ষেত্রে ন্যূনতম ২০,০০০ (বিশ হাজার) বর্গফুট ফ্লোরস্পেস থাকতে হবে। আসন বৃদ্ধির জন্য আনুপাতিক হারে ফ্লোরস্পেস বাড়াতে হবে। একাডেমিক ভবন এবং কক্ষসমূহের ধরণ ও আয়তন শিক্ষার্থীর সংখ্যা ও পাঠ্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে **(সংযুক্তি-৩)**। খেলাধুলা ও চিত্তবিনোদনের জন্য পর্যাপ্ত জায়গা থাকতে হবে। এছাড়া বিভাগওয়ারী ষ্টোর, বিশেষ শিক্ষাদান/ব্যবহারিক কক্ষ এবং প্রয়োজনীয় সংখ্যক টয়লেট থাকতে হবে। উক্ত অবকাঠামোতে অবশ্যই গাড়ী পার্কিং এবং শিক্ষার্থীদের বিচরণ বা বিনোদনের জন্য পর্যাপ্ত জায়গার ব্যবস্থা রাখতে হবে।

**(গ) ক্লিনিক্যাল প্র্যাকটিসঃ** ক্লিনিক্যাল প্র্যাকটিসের জন্য কমপক্ষে ১০০ (একশত) শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল যেখানে দৈনিক শতকরা পঞ্চাশ ভাগ রোগীর উপস্থিতি থাকে। যদি আবেদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব কোন হাসপাতাল না থাকে সেক্ষেত্রে ক্লিনিক্যাল প্র্যাকটিসের জন্য কমপক্ষে ১০০ শয্যা বিশিষ্ট সরকারি/বেসরকারি (সরকার অনুমোদিত) হাসপাতালের সাথে প্রতিষ্ঠান ও হাসপাতাল কর্তৃপক্ষের সমঝোতার ভিত্তিতে অ্যাফিলিয়েশন থাকতে হবে (এ সংক্রান্ত চুক্তিপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে)। প্র্যাকটিসের সময় শিক্ষার্থীর সাথে বিষয়ভিত্তিক শিক্ষক/টিউটর অবশ্যই থাকতে হবে এবং যাতায়াতে জন্য যানবাহনের সু-ব্যবস্থা করতে হবে।

**(ঘ) জনবল কাঠামোঃ** নীতিমালায় **(সংযুক্ত-৪)** বর্ণিত জনবল কাঠামো অনুযায়ী শিক্ষক ও কর্মচারী নিয়োগ করতে হবে। প্রশাসনিক জনবলের ক্ষেত্রে কোন খন্ডকালীন নিয়োগ চলবে না। মোট একাডেমিক জনবলের অনূর্ধ্ব এক চতুর্থাংশ পর্যন্ত খন্ডকালীন কিংবা ভিজিটিং শিক্ষক নিয়োগ করা যাবে। জনবল নিয়োগের ক্ষেত্রে অনুষদ কর্তৃক নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা নিশ্চিত করতে হবে। একাডেমিক জনবল অনুর্ধ ৫০ জন শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হারে বেসরকারি ম্যাটস জনবল কাঠামো সংযুক্ত করা হল।

**(ঙ) যন্ত্রপাতি ও শিক্ষা উপকরণঃ** কারিকুলাম ভিত্তিক শিক্ষা ও প্রশিক্ষণ নিশ্চিত করার জন্য সকল প্রয়োজনীয় যন্ত্রপাতি থাকতে হবে। স্কেলিটন, মানবদেহের যথেষ্ট সংখ্যক হাড়, মডেল চার্ট, চকবোর্ড, ওভারহেড প্রজেক্টর, মাল্টিমিডিয়া কম্পিউটার ইত্যাদি থাকতে হবে। (যন্ত্রপাতি ও শিক্ষা উপকরণ তালিকাঃ সংযুক্তি-৫ঃ১, ৫ঃ২, ৫ঃ৩, ৫ঃ৪ এবং ৫ঃ৫)।

**১২। বিবিধঃ**

**০১) প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তনঃ** অনুমোদন প্রাপ্ত কোন প্রতিষ্ঠান তার ঠিকানা পরিবর্তন করতে হলে অনুষদের প্রচলিত নিয়মে আবেদন করবে। অনুষদের পরিদর্শন কমিটি পরিবর্তিত ঠিকানায় অধিভুক্তপ্রাপ্ত শিক্ষা কার্যক্রম পরিচালনা করার সুযোগ সুবিধা সরেজমিনে তদন্ত করে পরিদর্শন রিপোর্ট ইতিবাচক হলেই অনুষদ ঠিকানা পরিবর্তনের অনুমতি প্রদান করবে। তবে উল্লেখ থাকে যে, সিটি কর্পোরেশন এলাকায় অ্যাফিলিয়েশন প্রাপ্ত প্রতিষ্ঠানের ঠিকানা সিটি কর্পোরেশন এলাকার বাহিরে স্থানান্তর করতে পারবে না এবং সিটি কর্পোরেশন এলাকার বাহিরের অ্যাফিলিয়েশন প্রাপ্ত প্রতিষ্ঠানের ঠিকানা সিটি কর্পোরেশন এলাকার ভিতরে স্থানান্তর করতে পারবে না। বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ কর্তৃক ঠিকানা পরিবর্তন অনুমোদনের পূর্বে প্রতিষ্ঠান স্থানান্তর করা হলে প্রতিষ্ঠানের অনুমোদন বাতিল হবে। বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদে অধিভুক্তি হওয়ার পূর্বে ঠিকানা পরিবর্তনের আবেদন করা যাবে না।

**০২) প্রতিষ্ঠানের নাম পরিবর্তনঃ** অনুমোদন প্রাপ্ত কোন প্রতিষ্ঠান তার নাম পরিবর্তন করতে চাইলে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে আবেদন করবে এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ পরিদর্শন কমিটি সরজমিনে তদন্ত করে যথার্থ বিবেচিত হলে নাম পরিবর্তনের সুপারিশ করবে। এক্ষেত্রে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(০৩) সরকারের অনুমতি গ্রহণ পূর্বক প্রতিষ্ঠানের জন্য বৈদেশিক প্রতিষ্ঠান বা দাতা সংস্থার নিকট থেকে আর্থিক ও কারিগরি সহায়তা গ্রহণ করা যাবে।

(০৪) নীতিমালায় বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে বর্তমানে হেলথ টেকনোলজি কোর্স চালু আছে এমন প্রতিষ্ঠানে ম্যাটস অনুমোদন প্রদান করা যেতে পারে। অনুরূপভাবে বর্তমান ম্যাটস প্রতিষ্ঠানে প্রয়োজনীয় টিচিং স্টাফ ও ফ্লোরস্পেস থাকলে হেলথ টেকনোলজি কোর্স চালু করা যেতে পারে।

(০৫) বেসরকারি প্রতিষ্ঠানে ট্রেনিং পরিচালনার জন্য পর্যাপ্ত পরিমাণ বাৎসরিক বাজেটের সংস্থান থাকতে হবে এবং প্রাথমিকভাবে আবেদনপত্রের সাথে এ সংক্রান্ত তথ্য প্রমাণাদি পেশ করতে হবে।

(০৬) এ নীতিমালার আওতায় বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ প্রয়োজনে নিয়ম ও পদ্ধতি প্রণয়ন করতে পারবে।

(০৭) বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদের আইনানুগ এবং বিধি সম্মত আদেশ নির্দেশ প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে মেনে চলতে হবে।

(০৮) উল্লিখিত নীতিমালা প্রতিপালন না হলে সরকার যে কোন সময় ৬(ছয়) মাসের নোটিশে বেসরকারি প্রতিষ্ঠানের একাডেমিক অনুমোদন বাতিল করতে পারবে। একাডেমিক অনুমোদনের পূর্বে অথবা অনুমোদিত আসনের অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা হলে শিক্ষার্থী প্রতি ১০ লক্ষ টাকা জরিমানা করা হবে। কোনো প্রতিষ্ঠানের একাডেমিক অনুমোদন বাতিল হলে অধ্যয়নরত শিক্ষার্থীদের বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ অন্য যে কোনো প্রতিষ্ঠানে স্থানান্তর করতে পারবে। প্রচলিত আইন অনুযায়ী উদ্যোক্তাদের বিরুদ্ধে শস্তিমুলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(০৯) সরকার যে কোনো সময় প্রয়োজনে এ নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করতে পারবে।

(১০) এ নীতিমালা জারির তারিখ হতে কার্যকর হবে।

উপ সচিব
(চিকিৎসা শিক্ষা-২শাখা)

স্মারক নং- ......

তারিখঃ ........

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ**

১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর।
২। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পারিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। ডীণ, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়/ চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়/ রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়/ সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়/ শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা।
৪। মহাসচিব, বিএমএ, বিএমএ ভবন, তোপখানা রোড, ঢাকা।
৫। যুগ্ম সচিব, (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পারিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। পরিচালক, সেন্টার ফর মেডিকেল এডুকেশন, মহাখীলী, ঢাকা।
৮। পরিচালক (গবেষণা, প্রকাশনা ও কারিকুলাম উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯। পরিচালক (ডেন্টাল শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০। রেজিস্ট্রার, বিএমএন্ডডিসি, ২০৩, সৈয়দ নজরুল ইসলাম সরণি, ঢাকা।
১১। সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম সরণি, ঢাকা।

উপ সচিব
(চিকিৎসা শিক্ষা-২শাখা)

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

উপ সচিব
(চিকিৎসা শিক্ষা-২শাখা)

# বেসরকারি Medical Assistant Training School স্থাপনের
## প্রকল্প ছক

০১. উদ্যোক্তা ব্যক্তি/ গ্রুপ এর নাম ........................................................................................

০২. উদ্যোক্তা শ্রেণী ঃ (ক) ব্যক্তি মালিকাধীন/ কোম্পানী/ সমিতি/ ফাউন্ডেশন/ এনজিও/ অন্যান্য
........................................................................................ (উল্লেখ করুন)
(খ) লাভজনক/অলাভজনক/অন্যান্য ........................................................ (উল্লেখ করুন)

০৩. প্রতিষ্ঠানের পরিচিতি (ক) নাম ........................................................................................
(খ) অবস্থান ........................................................................................
(গ) লক্ষ্য ও উদ্দেশ্য ........................................................................................
........................................................................................
(ঘ) বাস্তবায়ন কাল ঃ শুরু ..............................সমাপ্তি.............................................

০৪. প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ (ক) মোট টাকা ........................................................................................

০৫. প্রকল্প ব্যয়ের বাস্তব উৎস ও সম্পদের বিবরণ ........................................................................................
........................................................................................
........................................................................................

০৬. প্রকল্পের জমির বিবরণ ঃ জমির দলিল, নামজারি, খাজনার রশিদ ও জমির স্বপক্ষে রাজস্ব অফিসারের প্রত্যয়ন সংযুক্ত করতে হবে
(ক) পরিমাণ..............................................একর....................................শতাংশ ..............................
(খ) তফসিল........................................................................................
(গ) চৌহদ্দি ........................................................................................
(ঘ) সম্মুখস্ত রাস্তা ও পারিপার্শিক পরিবেশ ও প্রতিষ্ঠানাদির বিস্তারিত বিবরণ........................................

০৭. ভৌত অবকাঠামো ভবনাদির বিবরণ ঃ নির্ধারিত জমিতে ভৌত অবকাঠামো ও ভবনাদির সাইট প্ল্যাণ ও স্থাপত্য নক্সার কপি সহ পূর্ণাঙ্গ বিবরণ সংযুক্ত করতে হবে।

০৮. ভবন নির্মাণে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের বিবরণসহ অনুলিপি সংযুক্ত করতে হবে।
........................................................................................

০৯. প্রতিষ্ঠানের জনবল কাঠামো পূর্ণাঙ্গ বিবরণ ........................................................................................

১০. প্রতিষ্ঠানের আসবাবপত্র, যন্ত্রপাতি ও শিক্ষা উপকরণের পূর্ণাঙ্গ তালিকা

১১. সাংগঠনিক কাঠামো ও ব্যবস্থাপনা পদ্ধতির বিবরণসহ ব্যবস্থাপনা কমিটির পূর্ণাঙ্গ তালিকা

১২. প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা কাঠামো ও পদ্ধতি ........................................................................................

১৩. ব্যাংক হিসাব পরিচালনাকারীদের নাম ও প্রতিষ্ঠান সংশ্লিষ্ট পদবী........................................................

১৪. সংরক্ষিত তহবিলের পরিমান, ব্যাংক এর নাম ও হিসাব নম্বর ........................................................

১৫. কোর্স সমূহঃ (ক) বর্তমান ........................................................................................
(খ) পর্যায়ক্রমে ........................................................................................

১৬. কোর্সওয়ারী শিক্ষার্থী আসন সংখ্যা ........................................................................................
........................................................................................

১৭. বৈদেশিক আর্থিক/ কারিগরী সহায়তার বিবরণ (যদি থাকে)

১৮. ক্লিনিক্যাল প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ কেন্দ্র ও হাসপাতালের বিবরণ
........................................................................................
........................................................................................

১৯. অন্যান্য প্রাসঙ্গিক তথ্য ........................................................................................

আমি/ আমরা এই মর্মে অঙ্গীকার করছি যে, বেসরকারি মেডিকেল এ্যাসিট্যান্ট ট্রেনিং স্কুল স্থাপনের নীতিমালা যথাযথভাবে মেনে চলব এবং এই প্রকল্প ছকে বর্ণিত সকল তথ্য ও বিবরণ সত্য, বর্ণিত তথ্য ও দাখিলকৃত দলিলাদি মিথ্যা প্রমানিত হলে সরকার/অনুষদ/কাউন্সিল প্রতিষ্ঠানের অনুমোদন বাতিলসহ যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

তারিখ ............................ স্বাক্ষর

প্রতিষ্ঠানের সীল নাম ও পদবী (সীল)

পৃষ্ঠা-৭, ১৭

(ব্যবস্থাপনা কমিটি ছকঃ সংযুক্তি-২)

## বেসরকারি মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) প্রতিষ্ঠানের স্থাপন ব্যবস্থাপনা কমিটি
### (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

(ক)

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান (উদ্যোক্তাদের মধ্যে চেয়ারম্যান হবে) | ১ জন |
| ২. | স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর প্রতিনিধি | ১ জন |
| ৩. | বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ প্রতিনিধি | ১ জন |
| ৪. | উদ্যোক্তাদের প্রতিনিধি | ২ জন |
| ৫. | অভিভাবক প্রতিনিধি | ১ জন |
| ৬. | সংশ্লিষ্ট ম্যাটস এর অধ্যক্ষ | ১ জন (সদস্য সচিব) |
| | | মোটঃ ৭ জন |

(খ) ব্যবস্থাপনা পরিচালনা কমিটি মেয়াদকাল ২ বছর।

(গ) একাধিক উদ্যোক্তাদের ক্ষেত্রে কোন উদ্যোক্তা পর পর দুইবার অধিক ব্যবস্থাপনা কমিটি চেয়ারম্যান পদে অধিষ্ঠিত হতে পারবেন না।

(ঘ) ব্যবস্থাপনা কমিটি চেয়ারম্যান সভায় সভাপতিত্ব করবেন। তবে কোন কারণে সভাপতি অনুপস্থিত থাকলে তার মনোনীত ব্যবস্থাপনা কমিটি একজন অপেক্ষাকৃত জ্যেষ্ঠ সদস্য সভাপতির দায়িত্ব পালন করবেন। সভাপতির নির্দেশক্রমে কমিটির সদস্য-সচিব আলোচ্যসূচি নির্ধারণ পূর্বক সভা আহবান করবেন।

(ঙ) ব্যবস্থাপনা কমিটির সভা প্রতি ০৩ (তিন) মাস অন্তর অনুষ্ঠিত হবে। বিশেষ জরুরি প্রয়োজনে ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে সভা আহবান করা যাবে।

(ভৌত অবকাঠামো ও ভবনাদিঃ সংযুক্তি-৩)

## বেসরকারি মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো ও ভবনাদির সিডিউল

| ক্রম. | নাম | রুম সংখ্যা | স্পেস বর্গফুট |
|---|---|---|---|
| ১. | অধ্যক্ষের রুম | ১টি | ৪০০ বর্গফুট |
| ২. | উপাধ্যক্ষের রুম | ১টি | ৩০০ বর্গফুট |
| ৩. | শিক্ষকগণের রুম | ১টি | ৬০০ বর্গফুট |
| ৪. | শ্রেণীকক্ষ | ৪টি | ২৮০০ বর্গফুট |
| ৫. | মিলনায়তন | ১টি | ২৫০০ বর্গফুট |
| ৬. | বিষয়ভিত্তিক টিউটোরিয়াল রুম | ৫টি | ২৫০০ বর্গফুট |
| ৭. | বিষয়ভিত্তিক ল্যাব রুম | ৫টি | ২৫০০ বর্গফুট |
| ৮. | কমন রুম | ২টি | ৫০০ বর্গফুট |
| ৯. | লাইব্রেরী | ১টি | ১৫০০ বর্গফুট |
| ১০. | স্টোর রুম | ২টি | ৮০০ বর্গফুট |
| ১১. | মিউজিয়াম রুম বিষয় ভিত্তিক | ২টি | ৮০০ বর্গফুট |
| ১২. | নামাজ কক্ষ | ১টি | ৫০০ বর্গফুট |
| ১৩. | খেলাধুলা+চিত্তবিনোদন রুম | ১টি | ১৫০০ বর্গফুট |
| ১৪. | টয়লেট | ৬টি | ৩০০ বর্গফুট |
| ১৫. | গাড়ী পার্কিং | | ১০০০ বর্গফুট |
| ১৬. | ইউটিলিটি ও অন্যান্য | | ১৫০০ বর্গফুট |
| | | মোট | ২০০০০ বর্গফুট |

(জনবল সিডিউল ছকঃ সংযুক্তি-৪)

# বেসরকারি মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) প্রতিষ্ঠানের জনবল সিডিউল

সেকশন-১ঃ প্রশাসনিক, একাডেমিক ও অন্যান্য জনবল

| ক্রম. | পদ | সংখ্যা | নিয়োগের যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | অধ্যক্ষ | ১ জন | এমবিবিএস ডিগ্রী সহ বিএমএন্ডডিসি কর্তৃক স্বীকৃত পোষ্ট গ্র্যাজুয়েশন ডিগ্রী এবং ১২(বার) বছরের প্রশাসনিক/শিক্ষকতার অভিজ্ঞতা। |
| ২. | উপাধ্যক্ষ | ১ জন | এমবিবিএস ডিগ্রী সহ ১০(দশ) বছরের প্রশাসনিক/ শিক্ষকতার অভিজ্ঞতা। |
| ৩. | সিনিয়র লেকচারার | ২ জন | এমবিবিএস ডিগ্রী সহ এবং ৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। |
| ৪. | লেকচারার (মেডিকেল) | ৪ জন | এমবিবিএস ডিগ্রী। |
| ৫. | লেকচারার (ইংরেজী) | ১ জন | ইংরেজি বিষয়ে স্নাতক। |
| ৬. | লেকচারার (কম্পিউটার সাইন্স) | ১ জন | কম্পিউটার সাইন্স বিষয়ে স্নাতক |
| ৭. | টিউটর | ৫ জন | ডিপ্লোমা ইন মেডিকেল এ্যাসিসটেন্ট। |
| ৮. | মেডিকেল টেকনোলজিষ্ট(ল্যাব) | ৪ জন | ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি। |
| ৯. | প্রশাসনিক কর্মকর্তা | ১ জন | স্নাতক বা সমমানের ডিগ্রি পাশ। |
| ১০. | হিসাব রক্ষক | ১ জন | বানিজ্য বিভাগে স্নাতক পাশ। |
| ১১. | অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর | ১ জন | এইচএসসি অথবা সমমান পাশ এবং কম্পিউটার কোর্সে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে। |
| ১২. | লাইব্রেরীয়ান | ১ জন | লাইব্রেরীয়ান বিষয়ে ডিপ্লোমা অথবা সমমান। |
| ১৩. | অফিস সহায়ক | ৪ জন | এসএসসি অথবা সমমান পাশ। |
| ১৪. | নিরাপত্তা প্রহরী | ২ জন | ৮ম শ্রেণী পাশ। |
| ১৫ | পরিচ্ছন্নতা কর্মী | ২ জন | ৮ম শ্রেণী পাশ। |

## LISTS of INSTRUMENTS & APPARATUS

### Section 5.1: Basic Anatomy

| SL. | Items | Quantity |
|---|---|---|
| 01 | Human skeleton | 02 |
| 02 | Human Bones | 02 |
| 03 | Specimens of viscera | 03 |
| 04 | Models, Organs & Viscera | 02 |
| 05 | Diagram of different system of body | 03 |

### Section 5.2: Basic Physiology & Blochemistry

| Sl. No. | Items | Quantity |
|---|---|---|
| 01 | Sphygmomanometer | 5pes |
| 02 | Clinical Thermometer. | 5pes |
| 03 | Hammer | 3pes |
| 04 | Compound Microscope | 2 pcs. |
| 05 | Spirit Lamp/ Bunsen burner | 4 pcs. |
| 06 | Platinum loop/ wire loop | 4 pcs. |
| 07 | Stain less steel sterilizer/ steam sterilizer | 2 pcs |
| 08 | Glass Slides | 10 sets. |
| 09 | Cover Slides | 5 boxes. |
| 10 | Staining Rack & Stainless steel Tray | 2+2 pcs. |
| 11 | Balance (Rough & Analytical) | 1+1 pcs |
| 12 | Reagent bottle (100ml. 250ml & 500ml) | 5+5+5 pcs. |
| 13 | Conical Flask (500 ml) | 5 pcs. |
| 14 | Measuring cylinder (100 ml & 500 ml) | 2+2 pcs. |
| 15 | pH Meter | 2 pc. |
| 16 | Graduated pipette (1 ml, 2ml, 5ml, 10ml) | 5+5+5+5 pcs. |
| 17 | Volumetric Pipette (2ml, 5ml, 10ml) | 5+5+5+5 pcs. |
| 18 | Haemocytometer | 3 sets |
| 19 | Haemoglobinometer | 3 sets |
| 20 | ESR stand | 5 pcs. |
| 21 | ESR tube | 5 pcs. |
| 22 | Blotting Paper | 1 Box |
| 23 | Capillary Tube | 1 Box |
| 24 | Blood Presser Machine | 3 pc. |
| 25 | Refrigerator. | 1 pc. |
| 26 | Hot air oven | 281 |
| 27 | Incubator | 281 |
| 28 | Autoclave (medium) | 2 pc. |
| 29 | Centifuge machine | 2 pc. |
| 30 | Water borth | 2 pc. |

| | | |
|---|---|---|
| 31 | Blood lancet | 50 pc. |
| 32 | Auto pipette | 2 pc. |
| 33 | Micro pipette | 2 pc. |
| 34 | EDTA tube | 4 pc. |
| 35 | Haemoglobin cell counter | 4 pc. |
| 36 | Biochemistry analyzer | 2 pc. |
| 37 | Haematological counter | 2 pc. |
| 38 | Glueometer with strips | 4 pc. |

**Section 5.3: Basic Pathology & Microbiology**

| Sl. | Items | Quantity |
|---|---|---|
| 1. | Compound Microscope | 2 pcs. |
| 2. | Spirit Lamp/ Bunsen burner | 4 pcs. |
| 3. | Platinum loop/ wire loop | 2 pcs. |
| 4. | Stain less steel sterilizer/ steam sterilizer | 2 pc |
| 5. | Glass Slides | 10 sets. |
| 6. | Cover Slides | 5 boxes. |
| 7. | Sterile Swab stick | 5 pcs. |
| 8. | Sterile test tube with swab stick. | 10 pcs. |
| 9. | Test Tube 4” & 8” | 10+10 pcs |
| 10. | Test Tube Rack (stainless steel) | 5pcs |
| 11. | Staining Rack & Stainless steel Tray | 2+2 pcs. |
| 12. | Balance (Rough & Analytical) | 1+1 pcs |
| 13. | Reagent bottle (100ml. 250ml & 500ml) | 5+5+5 pcs. |
| 14. | Conical Flask (500 ml) | 5 pcs. |
| 15. | Measuring cylinder (100 ml & 500 ml) | 2+2 pcs. |
| 16. | PH Meter | 1 pc. |
| 17. | Graduated pipette (1 ml, 2ml, 5ml, 10ml) | 5+5+5+5 pcs. |
| 18. | Volumetric Pipette (2ml, 5ml, 10ml) | 5+5+5+5 pcs. |
| 19. | Haemocytometer | 2 sets |
| 20. | Haemoglobinometer | 2 sets |
| 21. | ESR stand | 5 pcs. |
| 22. | ESR tube | 5 pcs. |
| 23. | Specimen Container (Urine, Stool, Body fluid) | 10+10+10 pcs. |
| 24. | Blotting Paper | 1 Box |
| 25. | Capillary Tube | 1 Box |
| 26. | Blood Presser Machine | 1 pc. |
| 27. | Refrigerator. | 1 pc. |

## Section 5.4: Basic Pharmacology

| SL. | Items | Quantity |
|---|---|---|
| 01 | Dosage form:<br>Tablets, Capsules, Powders, Granules, Gels Supposcitories, Suspensions, Emulsion, Syrup, Ointment | 10 pc. |
| 02 | Blood pressure machine | 4 pc. |
| 03 | Stethoscope | 4 pc. |
| 04 | Glucometer with strips | 2 pc. |

## Section 5.5: Basic Community Heahlth & Medical Ethics, Basic Community Medicine & Health Management

| SL. | Items | Quantity |
|---|---|---|
| 01 | Water Filter (House hold type) | 5 pcs. |
| 02 | Chlorimeter | 5 pcs. |
| 03 | Models of (Sanitary Tube well, water purification plant, Incinerator, Slow Sand Filter, Rapid Sand filter) | 1 × 6 pcs. |
| 04 | House hold Dustbins | 5 pcs |
| 05 | Model of water seal latrine with slab, pipe, trap, ring etc. | 1 pc |
| 06 | Model of water carriage system of latrine | 1 pc |
| 07 | Model of Septic Tank | 1 pc |
| 08 | Model of ideal rural & urban house | 1 × 2 = 2 |
| 09 | Sample of food & vitamins. | As per number of the students |
| 10 | Caloric chart of different food | As per number of the students |

## LISTS of CHEMICALS

| SL. | Name of the Items | Quantity |
|---|---|---|
| 1. | Sodium Chloride | 500 grms. |
| 2. | Lugol's Iodine | 100 ml. |
| 3. | Reagent's for Grams Staining | 100 ml each |
| 4. | Reagents for Albert's Staining | 100 ml each |
| 5. | Reagents for AFB Staining | 100 ml each |
| 6. | Reagents for Geimsa's Staining | 100 ml each |
| 7. | Formalin | 1 litre |
| 8. | Ether | 1 litre |
| 9. | Leishman stain solution | 500 ml. |
| 10. | Benedict's Solution (Qualitative) | 1 litre |
| 11. | ESR Fluid | 500 ml. |
| 12. | N/10 HCL | 500 ml |
| 13. | Reagents for Bile Pigment, Ketone Bodies, Urobilinogen & B.T. Protein | 100 Test each |

| | | |
|---|---|---|
| 14. | Benzidine powder 3 | 100 gms. |
| 15. | Litmus Paper (red and blue) | 5 Boxes |
| 16. | Reagents for Occult blood test | 100 test |
| 17. | Fluids for total count of RBC, WBC, Platelets circulating Eosinophil & Reticulocyte | 100 Test (each) |
| 18. | Rectified Spirit | 2 Liters |
| 19. | Savlon / Dental | 2 Liters |
| 20. | PH Tablet (4.0, 7.0-10.0) | 5 Nos each |
| 21. | Sterile Cotton | 5 lbs |
| 22. | Sterile gauze | 10 yrds |
| 23. | Biochemical Kits for Blood glucose | 100 Tests each |
| 24. | Boric Powder | 500 gms |
| 25. | Boric Powder | 2oz |
| 26. | Savlon | 500 ml. |
| 27. | Rectified Spirit | 250 ml. |
| 28. | Glycerin | 1oz |
| 29. | Potassium Per-Manganate | 2oz |